ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/ময়-২৭/২০১৬/১৫০৯৩

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি স্তরে হাদিস বিভাগে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে কামালখান হাট ফাজিল মাদরাসা, সদর, জামালপুর {KAMALKHAN HAT FAZIL MADRASAH, EIIN-109960, CODE-12492} এর অধ্যক্ষের ২১.০৫.২০২৫ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'গ' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে তৃতীয় সংবিধি-২০২৩, অনুচ্ছেদ-১৩ এর 'ঙ' মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৪.০৮.২০২৫ খ্রি. থেকে ২৩.০৮.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি স্তর হাদিস বিভাগে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো-

**শর্তসমূহ:**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি স্তর হাদিস বিভাগে ভর্তি কার্যক্রম চালু হবে;
২. মাদরাসার লাইব্রেরিকে বিষয়ভিত্তিক রেফারেন্স ও মূলবই দিয়ে সমৃদ্ধ করতে হবে;
৩. মাদরাসার ছাত্র-ছাত্রীদের জন্য প্রশস্ত শ্রেণিকক্ষের সংখ্যা বাড়াতে হবে;
৪. শ্রেণিকক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৫. সংশ্লিষ্ট বিষয়ের প্রাতিষ্ঠানিক বেতনে ০১ জন মুহাদ্দিস, ০১ জন আরবি প্রভাষক ও ০১ জন ইংরেজি শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে;
৬. শিক্ষার গুণগতমান বৃদ্ধিতে পরিত্যক্ত ছাত্রাবাস চালু করতে হবে;
৭. মাদরাসা ক্যাম্পাসে অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং আরবি, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিভাগের শিক্ষকের আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৮. আরবি এবং ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের লক্ষ্যে শিক্ষামূলক বিষয়ের ওপর প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
৯. সকল কার্যক্রম গভর্ণিং বডির মাধ্যমে অনুমোদন নিতে হবে;
১০. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগনের উপস্থিতি নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
১১. ডেসপাচ রেজিষ্টার ও ইস্যু রেজিষ্টার সংরক্ষণ/ব্যবহার করতে হবে;
১২. ইবতেদায়ী শিশু শ্রেণি থেকে ইবতেদায়ী ০৫ শ্রেণির ক্লাশরুম সৌন্দর্যবর্ধনের (জাতীয় ফুল, ফল, পশু-পাখি, স্মরণীয় ব্যক্তিত্ব, দর্শনীয় স্থান, শিক্ষামূলক বাণী এবং ইসলামিক ক্যালিওগ্রাফি) মাধ্যমে দেয়ালে অংকন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৩. সকল বিল ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল থাকতে হবে এবং অভ্যন্তরীণ অডিট কমিটির মাধ্যমে গভর্ণিং বডির অনুমোদন নিতে হবে;
১৪. উপ-কমিটি গঠন সকল প্রকার ক্রয়ের পূর্বে বাজেট প্রাক্কলন করে সভাপতির স্বাক্ষর নিয়ে ক্রয় সংক্রান্ত কার্য সম্পাদন করতে হবে;
১৫. সকল মালামাল ক্রয়ের পরে তা স্টক রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে;
১৬. কলামনার ক্যাশবই সঠিকভাবে সংরক্ষণ করতে হবে;
১৭. কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
১৮. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৪/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর

অধ্যক্ষ
কামালখান হাট ফাজিল মাদরাসা
সদর, জামালপুর।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/ময়-২৭/২০১৬/১৫০৯৩

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইসিটি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কামালখান হাট ফাজিল মাদরাসা, সদর, জামালপুর।
৭. অফিস নথি।

২৪/০৮/২৫

(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর